কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড

চন্দ্রঘোনা, কাপ্তাই, রাঙ্গামাটি।

তাং-০৭.০৭.২০২৬ খ্রি.

"একটি জরুরি বিজ্ঞপ্তি"

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, পার্বত্য এলাকায় আগামী কয়েকদিন আরও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। টানা ভারী বৃষ্টিপাতের ফলে কেপিএম লিঃ এলাকায় জলাবদ্ধতা এবং পাহাড় ধসের ঝুঁকিতে রয়েছে।

এ প্রেক্ষিতে কেপিএম এলাকায় বসবাসরত সকলকে নিম্নলিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো—

১. যারা ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাস করছেন, তারা সর্বোচ্চ সতর্কতার সঙ্গে অবস্থান করবেন। একই সঙ্গে প্রতিবেশী ও আশপাশের বাসিন্দাদেরও সতর্ক থাকতে উদ্বুদ্ধ করবেন।

২. ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসরত সকলকে প্রয়োজনে নিরাপদ স্থানে আশ্রয় গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

৩. কোনো জরুরি পরিস্থিতি, দুর্ঘটনা বা প্রাকৃতিক দুর্যোগের আশঙ্কা দেখা দিলে অথবা ঘটলে তাৎক্ষণিকভাবে নিরাপত্তা শাখা/কর্তৃপক্ষকে অবহিত করবেন।

সকলের জীবন ও সম্পদের নিরাপত্তার স্বার্থে উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,
কেপিএম লিঃ কর্তৃপক্ষ।